



বনানী ডিওএইচএস পরিষদ BANANI DOHS PORISHOD

বিডিপি/অনুষ্ঠান/১৭/এ

১৭ মার্চ ২০২৬

পহেলা বৈশাখ-১৪৩৩ উদযাপন এর সাধারণ নির্দেশিকা প্রেরণ

১। পহেলা বৈশাখ আমাদের কাছে ঐতিহ্যবাহী বাংলা বর্ষবরণের দিন। এই দিনটি আমাদের দেশে জাতীয় উৎসব হিসাবে পালন করা হয়। এই দিনটি স্মরণীয় করতে জাকজমকপূর্ণভাবে উদযাপন করার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। আপনাদের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণে অনুষ্ঠানটি সাফল্যমন্ডিত লাভ করবে।

পহেলা বৈশাখ-১৪৩৩ নিম্নরূপভাবে উদযাপন করা হবেঃ

২। বৈশাখী খাবারের আয়োজন: সকাল ৮:০০ ঘটিকা থেকে সকাল ১০:০০ ঘটিকা পর্যন্ত পরিষদের কমিউনিটি হলে খাবারের ব্যবস্থা রাখা হবে। খাবারের কুপন মূল্য ২৩০/- টাকা জনপ্রতি। উক্ত কুপন ০৫ এপ্রিল ২০২৬ হতে ১২ এপ্রিল ২০২৬ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময় (সকাল ৯ টা হতে দুপুর ১ টা এবং বিকাল ৫ টা হতে রাত ৯ টা পর্যন্ত) পরিষদ অফিস হতে সংগ্রহ করার জন্য অনুরোধ করা হলো। খাবারের ০২ টি মেনু নির্বাচন করা হয়েছে আপনারা যে কোন ০১ টি মেনু কুপন মূল্য ২৩০ টাকা পরিশোধ সাপেক্ষে কুপন গ্রহণ করা যাবে। উল্লেখ্য মেনুর বাহিরে অতিরিক্ত হিসাবে বিফ ভুনা প্রতি প্লেট ২৫০/- টাকা এবং চিকেনকারী প্রতি প্লেট ২০০/- টাকা ব্যবস্থা থাকবে যার কুপন আপনারা একই সাথে সংগ্রহ করতে পারবেন:

মেনু-১	মেনু-২
ভুনা খিচুড়ী	পান্তা ভাত
ডিম ভুনা	আলু ভর্তা
বেগুন ভাজা	ডাল ভর্তা
টমেটো ভর্তা	ডিম ভাজা
আচারী সালাদ	পেয়াজ ও মরিচ
পানি	পানি

৩। খাবারের স্টল ছাড়াও ঝালমুড়ি, ফুচকা, চটপটি, জুস, মাঠা মিষ্টান্ন জাতীয় খাবারের ব্যবস্থা আলাদা ভাবে থাকবে।

৪। খেলাধুলা সারাদিনব্যাপী যেমনঃ ঘোড়ার গাড়ী, বানরের নাচ, জাম্পিং প্যাড, ইলেক্ট্রিক ট্রেন, মেরী গোল্ড, বল হাউজ, বায়োস্কোপ ও টিয়া পাখি দিয়ে ভাগ্য গননা ইত্যাদি পরিষদের খেলার মাঠে অনুষ্ঠিত হবে।

৫। সাংস্কৃতিক অনুষ্ঠান: সকাল ০৮৩০ ঘটিকা থেকে ১২:৪৫ ঘটিকা পর্যন্ত স্থানীয় ও আমন্ত্রিত শিল্পীদের অংশগ্রহণে অনুষ্ঠিত হবে।

৬। বিষয়টি আপনাদের সদয় অবগতি ও পরবর্তী কার্যক্রমের জন্য প্রেরণ করা হলো।

আলী বখতিয়ার মাহমুদ মেহেদী
ভাইস প্রেসিডেন্ট ও
ভারপ্রাপ্ত সেক্রেটারি

কার্যক্রমঃ

বনানী ডিওএইচএসের সম্মানিত বাসিন্দাগণ

Telephone: +88 02 8714697

E-mail : infodohsbanani@gmail.com

Web : www.bananidohs20@gmail.com

Dhaka Cantonment, Dhaka- 1206, Bangladesh.